রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৪ সনের ২২ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ৩০, ২০২৪

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২৭৫—২৮২ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৭৪৯—৮৩৯ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৪৫৭—৪৯২ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| **ক্রোড়পত্র—সংখ্যা** | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জাতীয় রাজস্ব বোর্ড**
**[কাস্টমস : রপ্তানি ও বন্ড শাখা]**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ০৪ চৈত্র ১৪৩০বঙ্গাব্দ /১৮ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ১৩/২০২৪/কাস্টমস/১৩৭।**—The Customs Act, 1969 এর Section 13 (2) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক হযরত শাহজাজাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকায় অবস্থিত মেসার্স ফু-ওয়াং বোলিং এন্ড সার্ভিসেস লিমিটেড (বন্ড লাইসেন্স নং-১৪৭০/কাস-এসবিডাব্লিউ/২০১৩, তারিখ : ১৬-০১-২০১৩ খ্রিঃ) এর অনুকূলে ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য নিম্নরূপ বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদান করা হল :

| ক্র নং | বিবরণ | ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য বার্ষিক আমদানি প্রাপ্যতা (মাঃডঃ) |
|---|---|---|
| ১ | টোব্যাকো | ২০,০০০.০০ |
| ২ | লিকার | ৭১,০০০.০০ |
| ৩ | কনফেকশনারী | ০০ |
| ৪ | টয়লেট্রিজ | ৫,০০০.০০ |
| | মোট = | ৯৬,০০০.০০ (ছিয়ানব্বই হাজার মার্কিন ডলার) |

০২। উল্লেখ যে, বর্ণিত প্রাপ্যতা হতে ২০২৩-২০২৪ অর্থবছরের আলোচ্য প্রতিষ্ঠান কর্তৃক ইতোমধ্যে প্রত্যয়নপত্রের ভিত্তিতে আমদানিকৃত ৩৫,৮৮৮.১৪ মা: ডলার (শুল্কায়িত মূল্য) সমন্বয় করতে হবে।

তারিখ: ০৫ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ/১৯ মার্চ, ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ১২/২০২৪/কাস্টমস/১৩৮।**—The Customs Act, 1969 এর Act IV of 1969 এর Section 13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক হযরত শাহআমানত

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম এ অবস্থিত মেসার্স এম্পোরিয়াম ডিউটি ফ্রি নামীয় প্রতিষ্ঠানে (বন্ড লাইসেন্স নং-৫(১৩)কাবক/চট্ট:/ শুল্কমুক্ত বিপনী/লাই:/০৩/২০১৩, তারিখ: ২১-০১-২০১৩ খ্রিঃ) এর অনুকূলে ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদান করা হল :

| ক্র নং | পণ্যের বিবরণ | ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য বার্ষিক আমদানি প্রাপ্যতা (মাঃডঃ) |
|---|---|---|
| 01 | Cigarettes & Tobacco | ১০,০০০.০০ |
| 02 | Alcoholic Beverage (liquor, Beer, Wine) | ৬৫,০০০.০০ |
| 03 | Cosmetic and toiletries | ৫,০০০.০০ |
| 04 | Beverage (Non-Alcoholic), Confectionary, Electronics, Gift Item | ১০,০০০.০০ |
| | মোট = | ৯০,০০০.০০ (নব্বই হাজার মার্কিন ডলা) |

**মুহাঃ মাহবুবুর রহমান**
প্রথম সচিব (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড)।

---

**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**আইন ও নীতি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ পৌষ ১৪৩০/০৯ জানুয়ারি ২০২৪

নং **০৮.০০.০০০০.০২৪.০৪.০০৬.২১.৫**—অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন জাতীয় রাজস্ব বোর্ড ও এর অধীনস্থ দপ্তরসমূহের মামলা সরকার পক্ষে পরিচালনার নিমিত্ত নিম্নবর্ণিত শর্তাদি পরিপালন সাপেক্ষে নিম্নোক্ত ০২(দুই) জন রিটেইনার এডভোকেট এর নিয়োগের মেয়াদ ১১ ডিসেম্বর ২০২৩ হতে ১০ ডিসেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত ০২(দুই) বছরের জন্য বৃদ্ধি করা হলো :

১। সুজিত কুমার ভৌমিক, পিতা-মৃতঃ জগদীশ চন্দ্র ভৌমিক। স্থায়ী ঠিকানা : গ্রাম ও ডাকঘর-চকমিরপুর, উপজেলা-দৌলতপুর, জেলা-মানিকগঞ্জ। বর্তমান ঠিকানা : হ্যাপি সায়েদাবাদ হেরিটেজ, ফ্ল্যাট নং-৯/এ, ৬-৭ উত্তর যাত্রাবাড়ী, ধলপুর, নতুন রাস্তা, বউবাজার, যাত্রাবাড়ী, ঢাকা-১২০৪।

২। মোঃ মাহবুবুর রশিদ, পিতা-মোঃ মোকসেদ আলী। স্থায়ী ঠিকানা : উত্তর সুজাপুর (কলেজপাড়া), উপজেলা-ফুলবাড়িয়া, জেলা-দিনাজপুর। বর্তমান ঠিকানা : রুম নং-৪২০, সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন বিল্ডিং, শাহবাগ, ঢাকা।

**০২। শর্তাবলি :**

(ক) অনিবার্য কারণবশত: উভয় পক্ষ হতে এক মাস পূর্বে নোটিশ/অভিজ্ঞানপত্র প্রদান সাপেক্ষে এই নিয়োগ রহিত/বাতিল করা যাবে;

(খ) রিটেইনার এডভোকেট হিসেবে নিয়োজিত থাকাকালীন নিম্নোক্ত হারে ফি/পারিশ্রমিক প্রাপ্য হবেন :

| ক্রমিক নং | কাজের বিবরণ | প্রতিটি/দৈনিক | মাসিক ফি |
|---|---|---|---|
| ১। | রিটেইনার ফি | - | ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা |
| ২। | প্রতি মামলার ড্রাফটিং ফাইলিং এফিডেভিট সম্পাদন খরচ বাবদ (হাইকোর্ট ও আপীলেট উভয় বিভাগ এবং জজকোর্ট ও প্রশাসনিক ট্রাইব্যুনাল, আপীল ট্রাইব্যুনাল (কর ও ভ্যাট) এর জন্য | ১০,০০০/- (দশ হাজার) টাকা | - |
| ৩। | প্রতিদিনের হাজিরা বাবদ (হাইকোর্ট এবং আপীলেট উভয় বিভাগ ও জজকোর্ট এবং প্রশাসনিক ট্রাইব্যুনাল, আপীল ট্রাইব্যুনালের (কর ও ভ্যাট) জন্য | ২,০০০/- (দুই হাজার) টাকা | এক্ষেত্রে মাসিক ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকার অধিক নহে। |
| ৪। | মামলার শুনানী বাবদ | - | ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা |
| ৫। | টেলিফোন বাবদ | - | ২,০০০/- (দুই হাজার) টাকা |
| ৬। | বিবিধ | - | ৫,০০০/- (পাঁচ হাজার টাকা |

(গ) নিয়োগপ্রাপ্ত রিটেইনার এডভোকেটগণের ফি/পারিশ্রমিক জাতীয় রাজস্ব বোর্ডের বাজেট হতে (কোড নম্বর-১১১০২০১১০২০০৬) ৩২১১১১০ হতে ব্যয় নির্বাহ করা হবে;

(ঘ) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের পক্ষে জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনামতে বিজ্ঞ এ্যাটর্নী জেনারেল অফিসের সাথে সার্বিক সমন্বয়ের মাধ্যমে অর্পিত দায়িত্ব পালন করতে হবে;

(ঙ) সরকারী স্বার্থে তাঁর/তাঁদের পরিচালনাধীন মামলাসমূহের দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে তাঁর/তাঁদেরকে সদা তৎপর থাকতে হবে;

(চ) তাঁর/তাঁদের দ্বারা পরিচালিত/হস্তান্তরিত যে কোনো মামলা কর্তৃপক্ষের নির্দেশনামতে প্রযোজ্য ক্ষেত্রে অন্য কোনো আইনজীবীর নিকট উক্ত মামলার কাগজপত্র/দলিলাদি/অনাপত্তিপত্র হস্তান্তর করতে তিনি/তাঁরা সম্মত থাকবেন।

(ছ) অভ্যন্তরীণ সম্পদ বিভাগ সংশ্লিষ্ট অন্য আইনজীবী দ্বারা পরিচালিত যে কোনো মামলা যে কোনো পর্যায়ে তাঁর/তাঁদের নিকট হস্তান্তর করলে তাঁরা তা গ্রহণ করতে সম্মত থাকবেন;

(জ) এ বিভাগের প্যানেলভুক্ত আইনজীবী থাকাকালীন তিনি/তাঁরা এ বিভাগের মামলা সংক্রান্ত কোনো বিষয়ে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিপক্ষকে কোনোরূপ সহযোগিতা/মতামত প্রদান কিংবা এ বিভাগের বিপক্ষে কোনো আদালতে মামলা পরিচালনা করতে পারবেন না;

(ঝ) এ বিভাগের সার্বিক তত্ত্বাবধানে থেকে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ সংশ্লিষ্ট কার্যালয়ের মামলা ও আইন সংক্রান্ত দায়িত্ব পালনের ক্ষেত্রে তাঁর/তাঁদের আন্তরিকতার অভাব কিংবা যথাযথ তদারকির ক্রটির কারণে সরকার পক্ষ কোনরূপ ক্ষতির সম্মুখীন হলে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট তাঁর/তাঁদের জবাবদিহিতা থাকবে; এবং

(ঞ) তাঁর/তাঁদের নিকট হস্তান্তরিত সকল মামলার তথ্যাদি যথাযথভাবে রেজিস্ট্রারভুক্তকরতঃ (ডাটাবেজ) প্রত্যেক মামলার হালনাগাদ অবস্থা প্রতি ০২ (দুই) মাস অন্তর সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এবং চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড-কে যথাসময়ে অবহিত করতে হবে।

৩। উপর্যুক্ত শর্তাধীন সম্মত থাকলে নিয়োগপত্র প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পের উপরে উল্লিখিত শর্তাবলি সম্বলিত বন্ড সম্পাদন এবং বন্ডসহ যোগদানপত্র/সম্মতিপত্র সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় বরাবরে দাখিল করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তারেক মোহাম্মদ জাকারিয়া**
সিনিয়র সহকারী সচিব।

**কর-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৬ পৌষ ১৪৩০/১০ জানুয়ারি ২০২৪

নং **০৮.০০.০০০০.০৩৭.৬৫.০৪৮.২৩.১৬**—মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়াধীন প্রাণিসম্পদ অধিদপ্তরে ভেটেরিনারি সার্জন পদ হতে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের অধীনস্থ জাতীয় রাজস্ব বোর্ডের নিয়ন্ত্রণাধীন কর অঞ্চল-কুমিল্লার "সহকারী কর কমিশনার" পদে কর্মরত আবু হেনা মো: মোর্শেদ ই ইলাহী রিয়েল (২০০৬৯৩) এর চাকরির ধারাবাহিকতা রক্ষা এবং বেতন সংরক্ষণের বিষয়ে বাংলাদেশ সার্ভিস রুলস (১ম খণ্ড) এর বিধি-৪২ এবং বিধি-৩০০(বি) অনুযায়ী মোট পেনশনযোগ্য চাকুরিকাল গণনা ও বেতন নির্ধারণের লক্ষ্যে নিম্নোক্ত শর্তে পূর্বতন চাকরির (১৪ ফেব্রুয়ারি ২০২১ হতে ০৩ ডিসেম্বর ২০২২) ধারাবাহিকতা সংরক্ষণ করা হলো :

**শর্তসমূহ :**

(১) পূর্ব পদের চাকরিকাল পেনশনের জন্য গণনার ক্ষেত্রে অসাধারণ ছুটি থাকলে উক্ত অসাধারণ ছুটিকালীন সময় গণনা করা যাবে না;

(২) বর্তমান পদে পূর্ব পদের চাকরিকাল জ্যেষ্ঠতার জন্য গণনা করা যাবে না।

তারিখ : ২৮ মাঘ ১৪৩০/১১ ফেব্রুয়ারি ২০২৪

নং **০৮.০০.০০০০.০৩৭.৬৫.০৩২.২৩.৭১**—শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অধীন প্রভাষক (ব্যবস্থাপনা) পদ হতে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের অধীনস্থ জাতীয় রাজস্ব বোর্ডের নিয়ন্ত্রণাধীন কর অঞ্চল-বরিশালের "সহকারী কর কমিশনার" পদে কর্মরত মো: মাসুদ রানা (২০০৭১৬) এর চাকরির ধারাবাহিকতা রক্ষা এবং বেতন সংরক্ষণের বিষয়ে বাংলাদেশ সার্ভিস রুলস (১ম খণ্ড) এর বিধি-৪২ এবং বিধি-৩০০(বি) অনুযায়ী মোট পেনশনযোগ্য চাকুরিকাল গণনা ও বেতন নির্ধারণের লক্ষ্যে নিম্নোক্ত শর্তে পূর্বতন চাকরির (১৪ ফেব্রুয়ারি ২০২১ হতে ০৩ ডিসেম্বর ২০২২) ধারাবাহিকতা সংরক্ষণ করা হলো :

**শর্তসমূহ :**

(১) পূর্ব পদের চাকরিকাল পেনশনের জন্য গণনার ক্ষেত্রে অসাধারণ ছুটি থাকলে উক্ত অসাধারণ ছুটিকালীন সময় গণনা করা যাবে না;

(২) বর্তমান পদে পূর্ব পদের চাকরিকাল জ্যেষ্ঠতার জন্য গণনা করা যাবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নুসরাত জাহান নিসু**
সিনিয়র সহকারী সচিব।

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**
**ডি-১৮ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ ০৪ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ/১৮ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **২৩.০০.০০০০.১৮০.২৭.১৭২.২২-৯৫**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৮৯০৪ মেজর তওসিফ রহমান, পদাতিক-কে প্রশাসনিক ব্যবস্থার আওতায় আর্মি অ্যাক্ট সেকশন-১৬, আর্মি অ্যাক্ট রুলস ৯(এ) এবং আর্মি রেগুলেশন্স (রুলস) ৭৮(সি), ২৫৩(এ) ও ২৬১ অনুযায়ী বাংলাদেশ সেনাবাহিনীর চাকরি থেকে বরখাস্ত করা হলো।

২। এ আদেশ জারির তারিখ থেকে ১৫ দিনের মধ্যে উক্ত অফিসারের বরখাস্ত কার্যকর হবে।

তারিখ ০৭ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ/২১ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **২৩.০০.০০০০.১৮০.২৭.১৭০.২২-৯৮**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৬৯৪১ লে. কর্নেল এস এম মাহফুজ মান্নান সুমন, পিএসসি, পদাতিক-কে প্রশাসনিক ব্যবস্থার আওতায় আর্মি অ্যাক্ট সেকশন-১৬, আর্মি অ্যাক্ট রুলস ৯(এ) এবং আর্মি রেগুলেশন্স (রুলস) ৭৮(সি), ২৫৩(এ) ও ২৬১ অনুযায়ী বাংলাদেশ সেনাবাহিনীর চাকরি থেকে বরখাস্ত করা হলো।

২। এ আদেশ জারির তারিখ থেকে ১৫ দিনের মধ্যে উক্ত অফিসারের বরখাস্ত কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মাহবুবুর রশীদ**
উপসচিব।

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**
**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৩ ফাল্গুন ১৪৩০/০৭ মার্চ ২০২৪

নং **৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৩.২৪-৮৭**—যেহেতু জনাব পংকজ ভৌমিক (পরিচিতি নং ৬০২২০৯), নির্বাহী প্রকৌশলী, জামালপুর সড়ক বিভাগ (সাবেক নির্বাহী প্রকৌশলী, ব্রাহ্মণবাড়িয়া সড়ক বিভাগ), কুমিল্লা সড়ক জোনের আওতাধীন নবীনগর-শিবপুর-রাধিকা, আঞ্চলিক মহাসড়ক নির্মাণ ও উন্নয়ন (আর-২০৩) (প্রথম সংশোধিত) শীর্ষক প্রকল্পে প্রকল্প ব্যবস্থাপক হিসেবে কর্মরত ছিলেন।

যেহেতু, বর্ণিত প্রকল্পে নবীনগর-শিবপুর-রাধিকা আঞ্চলিক মহাসড়কের চলমান প্রকল্পের PW-03 প্যাকেজ এর কাজ অসম্পন্ন রেখে ঠিকাদারের সম্পূর্ণ বিল ও জামানত পরিশোধ করেছেন;

যেহেতু, বিষয়টি সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক ০২ (দুই) সদস্য বিশিষ্ট কমিটি দ্বারা তদন্ত করা হয় এবং অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়া গেছে;

যেহেতু, এহেন কার্যক্রম সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) এ বর্ণিত অসদাচরণ এবং গুরুদন্ড আরোপযোগ্য অপরাধ;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ১২(১) বিধি মোতাবেক বিভাগীয় মামলা রুজুসহ তাকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালীন তিনি প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকায় সংযুক্ত থাকবেন এবং প্রচলিত বিধি মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

০২। এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

নং **৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৩.২৪-৮৮**—যেহেতু জনাব ডেইজী রায় টুম্পা (পরিচিতি নং ৬০২৩৭৭), উপবিভাগীয় প্রকৌশলী, ব্রাহ্মণবাড়িয়া কুমিল্লা সড়ক জোনের আওতাধীন নবীনগর-শিবপুর-রাধিকা, আঞ্চলিক মহাসড়ক নির্মাণ ও উন্নয়ন (আর-২০৩) (প্রথম সংশোধিত) শীর্ষক প্রকল্পে উপবিভাগীয় প্রকৌশলী হিসেবে কর্মরত ছিলেন।

যেহেতু, বর্ণিত প্রকল্পে নবীনগর-শিবপুর-রাধিকা আঞ্চলিক মহাসড়কের চলমান প্রকল্পের PW-03 প্যাকেজ এর কাজ অসম্পন্ন রেখে ঠিকাদারের সম্পূর্ণ বিল ও জামানত পরিশোধ করেছেন;

যেহেতু, বিষয়টি সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক ০২ (দুই) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি দ্বারা তদন্ত করা হয় এবং অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়া গেছে;

যেহেতু, এহেন কার্যক্রম সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) এ বর্ণিত অসদাচরণ এবং গুরুদণ্ড আরোপযোগ্য অপরাধ;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ১২(১) বিধি মোতাবেক বিভাগীয় মামলা রুজুসহ তাকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালীন তিনি প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকায় সংযুক্ত থাকবেন এবং প্রচলিত বিধি মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

০২। এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

নং **৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৩.২৪-৮৯**—যেহেতু জনাব খন্দকার নেসার আহাম্মদ (পরিচিতি নং ৬০২৩৫৫), সহকারী প্রকল্প পরিচালক, ময়মনসিংহ কেওয়াডখালী সেতু প্রকল্প (সাবেক উপবিভাগীয় প্রকৌশলী, ব্রাহ্মণবাড়িয়া কুমিল্লা সড়ক জোনের আওতাধীন নবীনগর-শিবপুর-রাধিকা, আঞ্চলিক মহাসড়ক নির্মাণ ও উন্নয়ন (আর-২০৩) (প্রথম সংশোধিত) শীর্ষক প্রকল্পে উপবিভাগীয় প্রকৌশলী হিসেবে কর্মরত ছিলেন।

যেহেতু, বর্ণিত প্রকল্পে নবীনগর-শিবপুর-রাধিকা আঞ্চলিক মহাসড়কের চলমান প্রকল্পের PW-03 প্যাকেজ এর কাজ অসম্পন্ন রেখে ঠিকাদারের সম্পূর্ণ বিল ও জামানত পরিশোধ করেছেন;

যেহেতু, বিষয়টি সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক ০২ (দুই) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি দ্বারা তদন্ত করা হয় এবং অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়া গেছে;

যেহেতু, এহেন কার্যক্রম সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) এ বর্ণিত অসদাচরণ এবং গুরুদন্ড আরোপযোগ্য অপরাধ;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ১২(১) বিধি মোতাবেক বিভাগীয় মামলা রুজুসহ তাকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালীন তিনি প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকায় সংযুক্ত থাকবেন এবং প্রচলিত বিধি মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

০২। এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ বি এম আমিন উল্লাহ নুরী**
সচিব।

---

তারিখ : ১৬ ফাল্গুন ১৪৩০/২৯ ফেব্রুয়ারি ২০২৪

নং **৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৩.২২-৯৮**—যেহেতু, জনাব মোঃ সাদেকুল ইসলাম (পরিচিতি নম্বর ০০৬০০৩), অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চঃদাঃ), গোপালগঞ্জ জোন, গোপালগঞ্জ (সাবেক রাজশাহী জোন, রাজশাহী) "সিরাজগঞ্জ-কাজিপুর-ধুনট-শেরপুর (জেড-৫৪০১) এবং সিরাজগঞ্জ (বাগবাটি)-ধুনট (সোনামুখী) (জেড-৫৪০৫) মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ" শীর্ষক উন্নয়ন প্রকল্পের কাজে প্রকল্প পরিচালক হিসেবে কর্মরত ছিলেন;

এবং

যেহেতু, উক্ত প্রকল্পের ডিপিপি পর্যালোচনা সভায় দেখা যায় প্রকল্পটির প্রস্তাবিত এলাইনমেন্টের ১১টি মৌজাসহ সর্বমোট ১৪টি মৌজার নাম ডিপিপি প্রণয়নের সময় বাদ পরে ছিল। এছাড়া ৩টি মৌজা প্রয়োজনের অতিরিক্ত অন্তর্ভুক্ত হয়েছে। অতিরিক্ত অন্তর্ভুক্ত মৌজা (৩টি) বাদ দিয়ে বাদপড়া মৌজা (১৪টি) অন্তর্ভুক্তির কারণে ডিপিপি সংশোধন করে ভূমি অধিগ্রহণের প্রস্তাব করার প্রয়োজন হয়। উপ-বিভাগীয় প্রকৌশলী হিসেবে তিনি ডিপিপি প্রণয়নের সময় এর অঙ্গসমূহ সঠিকভাবে যাচাই করেন নি। যথাযথভাবে প্রকল্পে ডিজাইন না হওয়ায় পরবর্তীতে রিজিড পেভমেন্ট, রিটেইনিং ওয়াল এবং ব্রিক টো ওয়ালের পরিমাণ বৃদ্ধি পায়;

এবং

যেহেতু, ত্রুটিপূর্ণ ডিপিপি প্রণয়নের কারণে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমাল, ২০১৮ এর ২(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ এনে অভিযোগ বিবরণী ও অভিযোগনামা জারি করতঃ কেন তাকে চাকরি হতে বরখাস্ত করা হবে না বা অন্য কোনো উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয় তিনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কোনো কিছু জ্ঞাত করাতে চান কি-না কিংবা তার বক্তব্যের মাধ্যমে কোনো সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি-না তাও লিখিতভাবে জানানোর জন্য ০৪/২০২২ নং বিভাগীয় রুজু করা হয়;

এবং

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগের গত ২২ সেপ্টেম্বর ২০২২ তারিখে তিনি জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীর আগ্রহ প্রকাশ করায় গত ৩১ অক্টোবর ২০২৩ তারিখে শুনানী অনুষ্ঠিত হয়;

এবং

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগ, অভিযোগের প্রেক্ষিতে লিখিত জবাব ও ৩১ অক্টোবর ২০২৩ ও ২০ ডিসেম্বর ২০২৩ তারিখের ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত লিখিত বক্তব্য এবং ডিপিপি পর্যালোচনা করা হয়। ডিপিপি প্রণয়নের সময় জনাব মোঃ সাদেকুর ইসলাম তত্ত্বাবধায়ক প্রকৌশলী হিসেবে বগুড়া সড়ক সার্কেলে দায়িত্বরত ছিলেন। যেহেতু ভূমি অধিগ্রহণের সময় বাদ পরা ৫.২৩ একর ভূমি পূর্বে এল এ কেইস নম্বর ১৫/সওজ/২০০২ এর অধীনে অধিগ্রহণ হয়েছে অনুমান করে প্রথম অধিগ্রহণ থেকে বাদ দেওয়া হয়। পরবর্তীতে জানা যায় এল এ কেইস সৃষ্ট হলেও ৫.২৩ একর ভূমি পূর্বে অধিগ্রহণ করা হয়নি। তিনি প্রক্কলন যাচাই না করে অতি মাত্রায় সার্ভেয়ারের প্রস্তুতকৃত প্রাক্কলনের উপর নির্ভর করে ডিপিপিতে স্বাক্ষর করেছেন। ডিপিপি প্রণয়নের পূর্বে কোনো সমীক্ষা করা হয় নি। ডিপিপি অনুমোদনের পাঁচ বছর পর কাজ শুরু করার সময় ভুল ধরা পরে। একজন সিনিয়র কর্মচারী হিসেবে প্রকল্প প্রণয়নের সময় সরেজমিন প্রকল্প এলাকা পরিদর্শন করলে এই ভুল দগরা পরতো। তিনি যথাযথভাবে তার অধীনস্থ কর্মচারীদের কার্যক্রম তদরকী করেননি এবং সরেজমিন না গিয়ে অধীনস্থ কর্মচারীর প্রদত্ত প্রতিবেদন স্বাক্ষর করেছেন যেহেতু, নিজে সরেজমিনে না দেখে অতিমাত্রায় অধীনস্থদের প্রতিবেদনের উপর নির্ভর করা যথাযথ হয়নি। একজন সিনিয়র কর্মচারী হিসেবে তা কাম্য নয়। এটি এক ধরনের কর্তব্য অবহেলা, এতে সরকারের কোনো আর্থিক ক্ষতি না হলেও দায়িত্ব অবহেলার পর্যায়ে পরে তবে গুরুদন্ড আরোপের মতো অসদাচরণ নয়;

সেহেতু, এক্ষণে জনাব মোঃ সাদেকুল ইসলাম (পরিচিতি নম্বর ০০৬০০৩), অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চঃদাঃ), গোপালগঞ্জ জোন, গোপালগঞ্জ (সাবেক রাজশাহী জোন, রাজশাহী) এর বিরুদ্ধে আনীত ত্রুটিপূর্ণ ডিপিপি প্রণয়নের অভিযোগ, অভিযোগের প্রেক্ষিতে প্রদত্ত লিখিত জবাব এবং ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য পর্যালোচনাপূর্বক ভবিষ্যতে প্রকল্প প্রণয়নের কাজে তাকে আরো সতর্ক থাকার নির্দেশনা প্রদান করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৬(৪) বিধি মোতাবেক লঘুদন্ড হিসেবে তিরস্কার (Censure) দন্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ বি এম আমিন উল্লাহ নুরী**
সচিব।

---

## স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
## স্থানীয় সরকার বিভাগ
## পৌর-১ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ২২ ফাল্গুন ১৪৩০/০৬ মার্চ ২০২৪

নং **৪৬.০০.০০০০.০৬৩.৩৪.০০১.২০-৩০৪**—স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৪২(২) ও ৪৩ এ প্রদত্ত ক্ষমতাবলে, স্থানীয় সরকার বিভাগের ২৭ নভেম্বর ২০১২ খ্রিঃ তারিখের ৪৬.০৬৪.০২৮.১৩.০৩.২৯৪.২০১১/১৯০৩ নং প্রজ্ঞাপন, ০৬ জুন ২০১৩ তারিখের ৪৬.০৬৪.০২৮.১৩.০৩.২৯৪.২০১১. ৯০৮ নং প্রজ্ঞাপন এবং ০৫ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের ৪৬.০৬৪. ০২৮.১৩.০৩.২৯৪.২০১১-২১৫ মূলে চট্টগ্রাম জেলার হাটহাজারী পৌরসভার কার্য সম্পাদনে প্রশাসককে সহায়তা প্রদানের জন্য মোট ২৫ (পঁচিশ) সদস্যবিশিষ্ট কমিটি গঠন করা হয়।

২। এ কমিটিতে দায়িত্ব পালনের জন্য নিম্নবর্ণিত ব্যক্তিকে নতুন সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা হল :

| কমিটিতে সদস্য হিসেবে ক্রমিক | ওয়ার্ড নম্বর | নাম, পিতার নাম ও গ্রাম | জাতীয় পরিচয়পত্র নম্বর |
|---|---|---|---|
| ২৬ | ০৩নং ওয়ার্ড | জনাব মোঃ শাহেদ পিতা-মোঃ জাফর গ্রাম-নবাব মিয়া সওদাগর বাড়ী | ২৮৫০৩৮৩৭২৬ |

২। স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ ও সংশ্লিষ্ট বিধি-বিধান অনুযায়ী গঠিত কমিটির সদস্যগণ চট্টগ্রাম জেলার হাটহাজারী পৌরসভার প্রশাসককে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন। এ বিভাগের ২৭ নভেম্বর ২০১২ খ্রি. তারিখের ৪৬.০৬৪. ০২৮.১৩.০৩.২৯৪.২০১১/১৯০৩ নং প্রজ্ঞাপনে উল্লিখিত ১ থেকে ১২ নং ক্রমিকের ব্যক্তিগণ শুধু সম্মানীভাতা প্রাপ্য হবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মো: আব্দুর রহমান**
উপসচিব।

---

## মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
## জামস শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ২৪ মার্চ ২০২৪ খ্রিঃ

নং **৩২.০০.০০০০.০৩৮.০৬.০৮৬.১৮.১০৭**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০ ধারার (৩) উপধারা মোতাবেক জেলা প্রশাসক, বগুড়া এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থা, বগুড়া জেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো ঃ

| ক্র: নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | নাম, পিতা/স্বামীর নাম ও ঠিকানা | পদবি |
|---|---|---|---|---|
| ০১ | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | সাবিয়া সাবরিন পিংকি সরকার, পিতা-এস এম সাইফুল ইসলাম, সরকার পাড়া, গোকুল, বগুড়া | চেয়ারম্যান |
| ০২ | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | নিলুফার ইয়াসমিন, পিতা-ইসমাইল প্রামানিক, হাজারদিঘী, বগুড়া | সদস্য |
| ০৩ | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | মোছা: রাজিয়া সুলতানা, পিতা-মোখলেছুর রহমান মন্ডল, গ্রাম/ডাকঘর-সারিয়াকান্দি, উপজেলা-সারিয়াকান্দি, বগুড়া | সদস্য |
| ০৪ | ১০(১)(ঘ) | শিক্ষিকা | সারমিন্দ খান, পিতা-শাওকত আলী খান, জলেশ্বরী তলা, বগুড়া | সদস্য |
| ০৫ | ১০(১)(ঙ) | সমাজসেবী | সাবিনা ইয়াসমিন বীনা, স্বামী-এস এম সরোয়ার হোসেন, শাহী মসজিদ লেন, বগুড়া | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের জনাব সাবিয়া সাবরিন পিংকি সরকার, পিতা-এস এম সাইফুল ইসলাম, সরকার পাড়া, গোকুল, বগুড়াকে উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ২৪-০৩-২০২৪ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোনো কারণ দর্শানো ব্যতিরিকে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোনো সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**দিলীপ কুমার দেবনাথ**
সিনিয়র সহকারী সচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৯ মাঘ, ১৪৩০/১২ ফেব্রুয়ারি, ২০২৪

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১২.২১.৩১৩**—বগুড়া জেলার গাবতলী মডেল থানার মামলা নং-০৬, তারিখ:-১১-০১-২০২৩ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)(ঈ)/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩,)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০১.২৩-৩১৪**—নিলফামারী জেলার সদর থানার মামলা নং-০১, তারিখ:-০৫-১২-২০২১ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর৬(২)(অ)(ই)(ঈ)(উ)/৮/১০/১১/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩,)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০১.২৩-৩১৫**—নারায়ণগঞ্জ জেলার ফতুল্লা মডেল থানার মামলা নং-৬৯/১৯৭, তারিখ:-২৩-০৩-২০২২ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩,)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০১.২৩-৩১৭**—নওগাঁ সদর মডেল থানার মামলা নং-৫৫/১২৪, তারিখ:-৩১-০৩-২০২১ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)(ই)(ক)(ঈ)(উ)/১২ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩,)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০১.২৩-৩১৮**—চকবাজার মডেল থানার মামলা নং-৪৩, তারিখ:-২৪-০৪-২০২২ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩,)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০১.২৩-৩১৯**—যাত্রাবাড়ী থানার মামলা নং-৭২, তারিখ:-২৬-১২-২০২২ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯/১০/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩,)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০১.২৩-৩২০**—রমনা মডেল থানার মামলা নং-৩৮, তারিখ:-২৮-০৩-২০২২ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯/১২ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩,)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০১.২৩-৩২১**—মিরপুর মডেল থানার মামলা নং-৪৯, তারিখ:-২১-০৪-২০২২ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯(৩)/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩,)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০১.২৩-৩২৬**—দারুস সালাম থানার মামলা নং-২৪, তারিখ:-২৪-১০-২০২০ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯/১০/১১ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩,)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০১.২৩-৩২৭**—যাত্রাবাড়ী থানার মামলা নং-২৯, তারিখ:-০৪-০৩-২০২১ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)(ই)(উ)/৭/৮/৯ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩,)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

তারিখ: ২ ফাল্গুন, ১৪৩০/১৫ ফেব্রুয়ারি, ২০২৪

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৫.২২-৩৫০**—লক্ষীপুর জেলার সদর থানার মামলা নং-৪৯, তারিখ:-২৫-০৯-২০২১ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)(ই)(ঈ)/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩,)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আশাফুর রহমান**
উপসচিব।

---

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**মুদ্রণ ও পরিবহন অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ জ্যৈষ্ঠ ১৪৩১/৩০ মে ২০২৪

**নং ০৫.০০.০০০০.১২০.০৭.০০৪.২৪.২**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীনস্থ মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের অধীন বাংলাদেশ স্টেশনারী অফিস কর্তৃক ক্রয়কৃত সিকিউরিটি প্লেইন পেপার (কার্ট্রিজ কাগজ)-এর প্রতি সীটের বিক্রয় মূল্যমান ০৫(পাঁচ) টাকার স্থলে ১০(দশ) টাকা পুনঃনির্ধারণ করা হ'ল। এতে অর্থ বিভাগ কর্তৃক ২১ মে ২০২৪ তারিখের ০৭.০০.০০০০.১৪৩.২২.০০৩.২০.৮৯ সংখ্যক স্মারকে সম্মতি জ্ঞাপন করা হয়েছে।

২। এতদসংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয় (তৎকালীন সংস্থাপন মন্ত্রণালয়)-এর ২০ সেপ্টেম্বর ২০১০ তারিখের ০৫.১২০.০৩৩.০০. ০০.০০৩.১৯৯৮-৩১৭ সংখ্যক স্মারকাদেশটি এতদ্বারা বাতিল মর্মে গণ্য হবে।

৩। এ প্রজ্ঞাপন ১লা জুন ২০২৪ তারিখ থেকে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রউফ মিয়া**
যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব)।

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০১ জ্যৈষ্ঠ ১৪৩১/১৫ মে ২০২৪

**নং ৩৮.০০.০০০০.০০১.০৪.০১৭.২০.৩৪৯**—মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রস্তাব এবং আইন ও বিচার বিভাগের ০৯-০৫-২০২৪ তারিখের ১০.০০.০০০০.১৩৫.৩৩. ০১৮.২০২৪ (রিট-২)-৩৪ নং স্মারকের মতামত অনুযায়ী রিট পিটিশন নং-৮১৩০/২০১৩ হতে উদ্ভূত কনটেম্পট পিটিশন নং-১০৮/২০২০ রায়ের আলোকে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ২৭-১০-২০২২ তারিখের ৩৮.০০.০০০০.০০১.০৪.০১৭.২০.৫৯০ নং আদেশমূলে ২৬ জন কর্মচারীকে রাজস্বখাতে আত্তীকরণ এবং ০২-০৫-২০২৩ তারিখের ৩৮.০০.০০০০.০০১.০৪.০১৭.২০.৩১৫ নং আদেশমূলে ০২ জন কর্মচারীকে রাজস্বখাতে আত্তীকরণের ধারাবাহিকতায় নিম্নবর্ণিত কর্মচারীগণকে তাদের নামের পাশে উল্লিখিত পদে নিম্নোক্ত শর্তে আত্তীকরণ করা হলো:

| নং | নাম | আত্তীকরণকৃত পদের নাম ও বেতন গ্রেড | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | শেখ মোঃ রফিকুল ইসলাম | উপজেলা/থানা শিক্ষা অফিসার ৯ম গ্রেড (স্কেল ২২০০০—৫৩০৬০) | |
| ২. | মোসাঃ শাহীনা আক্তার | উপজেলা/থানা শিক্ষা অফিসার ৯ম গ্রেড (স্কেল ২২০০০—৫৩০৬০) | |
| ৩. | মোঃ জাকিউজ্জামান মিয়া | উপজেলা/থানা শিক্ষা অফিসার ৯ম গ্রেড (স্কেল ২২০০০—৫৩০৬০) | |
| ৪. | মোঃ কবির হোসেন | উপজেলা/থানা শিক্ষা অফিসার ৯ম গ্রেড (স্কেল ২২০০০—৫৩০৬০) | |
| ৫. | মোহাম্মদ সোহেল মোল্লা | উপজেলা/থানা শিক্ষা অফিসার ৯ম গ্রেড (স্কেল ২২০০০—৫৩০৬০) | |
| ৬. | মোহাম্মদ মোমিনুল হক | উপজেলা/থানা শিক্ষা অফিসার ৯ম গ্রেড (স্কেল ২২০০০—৫৩০৬০) | |
| ৭. | মোহাম্মদ মাহাবুবুল আলম | উপজেলা/থানা শিক্ষা অফিসার ৯ম গ্রেড (স্কেল ২২০০০—৫৩০৬০) | |
| ৮. | মোঃ কামাল উদ্দিন আহম্মদ | উপজেলা/থানা শিক্ষা অফিসার ৯ম গ্রেড (স্কেল ২২০০০—৫৩০৬০) | |
| ৯. | মোঃ আবু বকর সিদ্দীক | উপজেলা/থানা শিক্ষা অফিসার ৯ম গ্রেড (স্কেল ২২০০০—৫৩০৬০) | |
| ১০. | মোঃ আসাদুজ্জামান | উপজেলা/থানা শিক্ষা অফিসার ৯ম গ্রেড (স্কেল ২২০০০—৫৩০৬০) | |
| ১১. | অসীম প্রসাদ বিশ্বাস | উপজেলা/থানা শিক্ষা অফিসার ৯ম গ্রেড (স্কেল ২২০০০—৫৩০৬০) | |
| ১২. | নাহার সুলতানা | উপজেলা/থানা শিক্ষা অফিসার ৯ম গ্রেড (স্কেল ২২০০০—৫৩০৬০) | |
| ১৩. | মোঃ মুরাদ হোসেন | উপজেলা/থানা শিক্ষা অফিসার ৯ম গ্রেড (স্কেল ২২০০০—৫৩০৬০) | |
| ১৪. | দীপক কুমার বিশ্বাস | উপজেলা/থানা শিক্ষা অফিসার ৯ম গ্রেড (স্কেল ২২০০০—৫৩০৬০) | |

| নং | নাম | আত্তীকরণকৃত পদের নাম ও বেতন গ্রেড | মন্তব্য |
|---|---|---|---|
| ১৫. | ড. মোহাম্মদ দৌলত হোসেন ভূঁইয়া | উপজেলা/থানা শিক্ষা অফিসার ৯ম গ্রেড (স্কেল ২২০০০—৫৩০৬০) | |
| ১৬. | মোহাম্মদ দেলোয়ার হোসেন | উপজেলা/থানা শিক্ষা অফিসার ৯ম গ্রেড (স্কেল ২২০০০—৫৩০৬০) | |
| ১৭. | সৈয়দা মোহসীনা সোবহান | উপজেলা/থানা শিক্ষা অফিসার ৯ম গ্রেড (স্কেল ২২০০০—৫৩০৬০) | |
| ১৮. | এ, কে, এম জুবায়ের আলম | উপজেলা/থানা শিক্ষা অফিসার ৯ম গ্রেড (স্কেল ২২০০০—৫৩০৬০) | |
| ১৯. | মোঃ ইসাহাক আলী | উপজেলা/থানা শিক্ষা অফিসার ৯ম গ্রেড (স্কেল ২২০০০—৫৩০৬০) | |
| ২০. | মোছাঃ সাইফুন নাহার | উপজেলা/থানা শিক্ষা অফিসার ৯ম গ্রেড (স্কেল ২২০০০—৫৩০৬০) | |
| ২১. | আনোয়ার পারভেজ | উপজেলা/থানা শিক্ষা অফিসার ৯ম গ্রেড (স্কেল ২২০০০—৫৩০৬০) | |
| ২২. | মোসাঃ হেনায়ারা খানম | উপজেলা/থানা শিক্ষা অফিসার ৯ম গ্রেড (স্কেল ২২০০০—৫৩০৬০) | |

**শর্তসমূহ:**

(১) প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রকল্প (২য় পর্যায়)-এর বর্ণিত কর্মচারীগণের রাজস্বখাতে আত্তীকরণ রিট পিটিশন-৮১৩০/২০১৩ এর রায়, কনটেম্পট পিটিশন নং-১০৮/২০২০ রায় এবং আইন ও বিচার বিভাগের ০৯-০৫-২০২৪ তারিখের ১০.০০.০০০০.১৩৫.৩৩.০১৮.২০২৪ (রিট-২)-৩৪ নং স্মারকের মতামত অনুযায়ী রাজস্বখাতে প্রকৃত শুন্য পদের বিপরীতে তাদের প্রকৃত যোগদানের তারিখ হতে আত্তীকরণ কার্যকর হবে এবং বিধি মোতাবেক বেতন-ভাতা ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন;

(২) এতদবিষয়ে সরকারের বিধি-বিধান ও সময় সময় প্রদত্ত ও প্রযোজ্য নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে; এবং

(৩) মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর বরাবর ৩০-০৫-২০২৪ তারিখের মধ্যে যোগদানপত্র দাখিল করবেন।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. বিলকিস বেগম**
উপসচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**আদেশবলি**

তারিখ: ২৭ পৌষ ১৪৩০/১১ জানুয়ারি ২০২৪

নং **১০.০০.০০০০.১৩০.১১.১০৬.২৩.০১৯**— The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ)-এর ৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব রাজিয়া সুলতানা, পিতা-এ,কে, এম, রেজাউল করিম, মাতা-আছমা আক্তার-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রে নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩(তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল:

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষে হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশ-এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1968-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

নং **১০.০০.০০০০.১৩০.১১.১০১.২৩.০২০**— The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ)-এর ৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব কাজী গোলাম মোস্তফা, পিতা-কাজী আব্দুল আজিজ, মাতা-কাজী গোলভানু-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রে নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩(তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল:

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষে হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশ-এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**আবু সালেহ্ মোঃ সালাহউদ্দিন খাঁ**
উপসচিব (রেজিস্ট্রেশন)।